

# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

আপীল বিভাগ, ঢাকা।

নং- ১৪২৫/২০২০-এস,সি (এডি)

কোর্টের  
দরপত্র বিজ্ঞপ্তি

তারিখ :- ২২/১১/২০২০খ্রিঃ

আপীল বিভাগের মাননীয় বিচারপতি জনাব মির্জা হোসেইন হায়দার মহোদয়ের জন্য ১টি নতুন প্রিন্টার ক্রয়ের নিমিত্ত প্রকৃত কম্পিউটার সংশ্লিষ্ট ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত কোটেশন আহ্বান করা যাচ্ছে :-

## মালামালের বিবরণ

SL. No.	Name of Items	Quantity
01.	<b>Item: Laser Printer</b> Brand: HP, Model: M402dw <b>Warranty: 01 Years.</b>	01 Nos

## শর্তাবলী

- আগামী ২৯/১১/২০১৯খ্রিঃ তারিখ বেলা ১২-০০ ঘটিকা পর্যন্ত আপীল বিভাগের অতিরিক্ত রেজিস্ট্রার-এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে কোটেশন দাখিল করতে হবে এবং ঐ দিনই বেলা ১২-৩০ ঘটিকার সময় কোটেশন দাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) কোটেশন বাক্স খোলা হবে।
- কোটেশনে মূল্য অবশ্যই উল্লেখ করতে হবে এবং হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স ও হালনাগাদ আয়কর রশিদ এবং আনুসঙ্গিক কাগজপত্রাদি সংযুক্ত করতঃ কোটেশন দাখিল করতে হবে।
- বিবরণ অনুযায়ী চাহিদাকৃত মালামাল নিজ খরচে আপীল বিভাগের কম্পিউটার শাখায় পৌঁছিয়ে দিতে হবে এবং এক্ষেত্রে কোন ধরনের বিকল্প মালামাল গ্রহণ করা হবে না।
- সরবরাহকৃত মালামালসমূহের সম্পূর্ণ ওয়ারেন্টি/গ্যারান্টি প্রদান করতে হবে এবং ওয়ারেন্টিকালে সরবরাহকৃত মালামালের কোন প্রকার সমস্যা দেখা দিলে সরবরাহকারী প্রতিষ্ঠানকে অবহিতকরণের ৩(তিন) ঘন্টার মধ্যে অত্র কোর্টে এসে সমাধান করে দিতে হবে।
- কোটেশনের সাথে মোট উদ্ধৃত মূল্যের শতকরা ৫% হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (ফেরতযোগ্য) নিম্ন স্বাক্ষরকারীর অনুকূলে জমা দিতে হবে। নগদ অর্থ গ্রহণযোগ্য নয়। ওয়ারেন্টি/গ্যারান্টি সময়সীমা পর্যন্ত কোটেশনে উল্লেখিত মালামাল সরবরাহকারী প্রতিষ্ঠানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত দেওয়া হবে না।
- কার্যাদেশ প্রাপ্তির ৭(সাত) দিনের মধ্যে কোটেশনে উল্লেখিত মালামাল সরবরাহ পূর্বক প্রয়োজনীয় কার্যাদি সম্পন্ন করতে হবে এবং চালানসহ ৩(তিন) কপি বিল দাখিল করতে হবে।
- অসম্পূর্ণ, শর্তযুক্ত, কাঁটা-ছেঁড়া বা ফুইড ব্যবহৃত কোটেশন এবং নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন কোনক্রমেই গ্রহণযোগ্য নয়।
- কর্তৃপক্ষ সর্বনিম্ন কোটেশন গ্রহণে বাধ্য নয় এবং কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহণ অথবা সকল কোটেশন বাতিল করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন।

আদেশক্রমে  
(মোহাম্মদ মেহেদী হাসান)  
২২-১১-২০২০  
ডেপুটি রেজিস্ট্রার

প্রচারের জন্যঃ

- নোটিশ বোর্ড, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- নোটিশ বোর্ড, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- নোটিশ বোর্ড, এটর্নি জেনারেল অফিস, ঢাকা।
- নোটিশ বোর্ড, সলিসিটর অফিস, ঢাকা।
- নোটিশ বোর্ড, জুডিসিয়াল সার্ভিস কমিশন অফিস, ঢাকা।
- বাংলাদেশ সুপ্রিম কোর্ট ওয়েব সাইট।